



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

নব নিয়োগ শাখা, প্রশাসন বিভাগ

www.caab.gov.bd



নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৬.২২(৫ম নথি) - ৮৫৫৯

তারিখ: ১১/০৬/২০২৪

গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে বিভিন্ন পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন পদে আবেদনকারী প্রার্থীগণ দেশের বিভিন্ন জেলা হতে পরীক্ষায় অংশগ্রহণ করেন। বিগত সময়ে লক্ষ্য করা গেছে যে, কিছু অসাধু লোকজন নিয়োগ প্রক্রিয়া চলাকালীন অবৈধ প্রক্রিয়া/প্রতারণার চেষ্টা করে যা, অত্যন্ত দুঃখজনক এবং অনভিপ্রেত। উল্লেখ্য, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক সকল প্রকার সরকারি বিধি বিধান অনুসরণ করে সম্পূর্ণ স্বচ্ছতা এবং নিরপেক্ষতার সাথে নিয়োগ কার্যক্রম পরিচালনা করা হয়। বর্তমানে চলমান নিয়োগ সংক্রান্ত কার্যক্রমে সকলকে সচেতন ও সতর্ক থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। এতদবিষয়ে সংশ্লিষ্ট প্রার্থীদের কোনো প্রতারণার প্রলোভনে প্রলুদ্ধ না হয়ে ভালোভাবে প্রস্তুতি নিয়ে প্রতিযোগিতামূলক নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। কোন প্রকার প্রতারণার বিষয়ে সুনির্দিষ্ট কোন তথ্য পাওয়া গেলে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

১১/০৬/২০২৪

(মোহাম্মদ মুরুল ইসলাম)

পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ